

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৫৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَن جُنْدُبٍ

قَالَ: جَاءَ أَعْرَابِيُّ فَأَنَاخَ رَاحِلَتَهُ ثُمَّ عَقَلَهَا ثُمَّ دَخَلَ الْمَسْجِدَ فَصلَلَى خَلْفَ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا سَلَّمَ أَتَى رَاحِلَتَهُ فَأَطْلَقَهَا ثُمَّ رَكِبَ ثُمَّ نَادَى: اللَّهُمَّ ارْحَمْنِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَتَقُولُونَ وَمُحَمَّدًا وَلَا تُشْرِكُ فِي رَحْمَتِنَا أَحَدًا. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَتَقُولُونَ هُو أَضَلُ أَمْ بَعِيرُهُ؟ أَلَمْ تَسْمَعُوا إِلَى مَا قَالَ؟» قَالُوا: بَلَى؟ . رَوَاهُ أَبُو دَاوُد وَذَكَرَ حَدِيثَ أَبِي هُرَيْرَةَ: «كَفَى بِالْمَرْءِ كَذِبًا» فِي «بَابِ الِاعْتِصَام» فِي الْفَصْل الأول

বাংলা

৪৮৫৮-[৪৭] জুনদুব ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক মরুচারী বেদুঈন এলো, নিজের উটকে বসাল এবং পা বাঁধল। অতঃপর মসজিদে প্রবেশ করে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পিছনে সালাত আদায় করল। সালাতের সালাম ফেরানোর পর সে নিজের উটের কাছে এসে সেটার পা খুলল এবং উটির পিঠে আরোহণ করে সশব্দে এ কথা বলে চলে গেল, (আল্ল-হুম্মার্ হামনী ওয়া মুহাম্মাদান ওয়ালা- তুশরিক ফী রহমতিনা- আহাদা-) "হে আল্লাহ! তুমি আমাকে ও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে অনুগ্রহ করো। আমাদের অনুগ্রহে অন্যকে অংশীদার করো না। এটা শুনে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমাদের কি ধারণা! এ বেদুঈন লোকটি বেশি মূর্খ, না তার উটিটি? তোমরা কি শুননি, লোকটি কি বলল? তাঁরা বললেনঃ জ্বী হ্যাঁ। (আরু দাউদ)[1]

আবূ হুরায়রা -এর كَفَى بِالْمَرْءِ كَذَبًا হাদীসটি (বাবুল ই'তিসা-ম) ''দ্ঢ়ভাবে আঁকড়ে ধরা''-এর প্রথম অধ্যায়ে বর্ণিত হয়েছে।

ফুটনোট

[1] সহীহ তবে (مَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ) থেকে শেষ অংশটুকু য'ঈফ : আবূ দাউদ ৪৮৮৫,



আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৬৪৪, আহমাদ ১৮৭৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (جَاءَ أَعْرَابِيُّ قَأَنَاحَ رَاحِلَتَهُ) 'আরবের গ্রামাঞ্চল থেকে এক ব্যক্তি মদীনায় এলেন এবং তার বাহনকে বসালেন এবং তাকে বেঁধে মসজিদে প্রবেশ করলেন এবং নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর পিছনে সালাত আদায় করলেন। যখন তিনি সালাম ফিরালেন তখন ঐ লোকটি তার বাহনের নিকট গেলেন এবং তার বাঁধনমুক্ত করে পিঠে আরোহণ করে উচ্চৈঃস্বরে এ দু'আ করলেন। (اللَّهُمَّ ارْحَمْنِيْ وَمُحَمَّدًا وَلَا تُشْرِكُ فِيْ رَحْمَتِنَا أَحَدًا) হে আল্লাহ! আপনি আমাকে এবং মুহাম্মাদ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে অনুগ্রহ করনেন না। (مَوَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَتَقُولُونَ) তখন নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা কি ধারণা করছ। (هُوَ أَضِلُ أَمْ بَعِيرُهُ؟) সে মূর্খ, না তার উটিট? কেননা সে আল্লাহর প্রশন্ত নি'আমাতকে সংকীর্ণ করে ফেলেছে। (اللهُ مَا قَالَى مَا قَالَى) তারা বললেনঃ হ্যাঁ, অবশ্যই (সে মূর্খ)। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৪৮৭৭)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জুনদুব ইবনু 'আবদুল্লাহ্ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন